	اَللّٰهُمَّ اَنْتَ رَبِّىْ لَآ اِلٰهَ اِلَّا اَنْتَ خَلَقْتَنِىْ وَاَنَا عَبْدُكَ وَاَنَا عَلٰى عَهْدِكَ وَوَعْدِكَ مَا اسْتَطَعْتُ وَاَعُوْذُبِكَ مِنْ شَرِّ مَا صَنَعْتُ اَبُوْءُ لَكَ بِنِعْمَتِكَ عَلَىَّ وَاَبُوْءُ بِذَنْبِىْ فَاغْفِرْلِىْ فَاِنَّهٗ لَايَغْفِرُ الذُّنُوْبَ اِلَّا اَنْتَ ۔
৫৭ ।	তওবা কবুল হওয়ার দু'আ
	سُبْحَانَكَ اَللّٰهُمَّ وَبِحَمْدِكَ اَللّٰهُمَّ اغْفِرْلِىْ اِنَّكَ اَنْتَ التَّوَّابُ الرَّحِيْمُ ۔
৫৮ ।	ঈমানের সাথে মৃত্যুর জন্য দু'আ
	رَبَّنَا لَاتُزِغْ قُلُوْبَنَا بَعْدَ اِذْ هَدَيْتَنَا وَهَبْ لَنَا مِنْ لَّدُنْكَ رَحْمَةً اِنَّكَ اَنْتَ الْوَهَّابُ ۔
৫৯ ।	সহজে রূহ কবজের জন্য দু'আ
	لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ
৬০ ।	বেহেশত লাভের দু'আ اَللّٰهُمَّ اِنِّىْ اَسْئَلُكَ الْجَنَّةَ

৬১ ।	**জাহান্নামের আগুন হতে রক্ষা পাওয়ার জন্য দু'আ**
	رَبَّنَا اِنَّنَا اٰمَنَّا فَاغْفِرْلَنَا ذُنُوْبَنَا وَقِنَا عَذَابَ النَّارِ ۔
৬২ ।	**পরীক্ষায় পাশ করার জন্য দু'আ**
	يَا اِلٰهَ الْعَالَمِيْنَ يَاخَيْرَ النَّاصِرِيْنَ نَصْرٌ مِّنَ اللّٰهِ وَفَتْحٌ قَرِيْبٌ وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ فَاللّٰهُ خَيْرٌ الْحَافِظِيْنَ ۔ حَسْبُنَا اللّٰهُ وَنِعْمَ الْمَوْكِيْلُ نِعْمَ الْمَوْلٰى وَنِعْمَ النَّصِيْرُ ۔ وَمَنْ يَّتَوَكَّلْ عَلَى اللّٰهِ فَهُوَ حَسْبُهٗ ۔ وَاللّٰهُ الْمُسْتَعَانُ عَلٰى مَا تَصِفُوْنَ ۔
৬৩ ।	**ইজ্জত রক্ষার জন্য দু'আ**
	اَللّٰهُمَّ مَالِكَ الْمُلْكِ تُؤْتِى الْمُلْكَ مَنْ تَشَآءُ وَتَنْزِعُ الْمُلْكَ مِمَّنْ تَشَآءُ وَتُعِزُّ مَنْ تَشَآءُ وَتُذِلُّ مَنْ تَشَآءُ بِيَدِكَ الْخَيْرِ ۔ اِنَّكَ عَلٰى كُلِّ شَيْئٍ قَدِيْرٌ ۔
৬৪ ।	**নেক আমলের দু'আ-১**
	رَبِّ اَوْزِعْنِىْ اَنْ اَشْكُرَ نِعْمَتَكَ الَّتِىْ اَنْعَمْتَ عَلَىَّ وَعَلٰى وَالِدَىَّ وَاَنْ اَعْمَلَ صَالِحًا تَرْضَاهُ وَاَصْلِحْ لِىْ فِىْ ذُرِّيَّتِىْ اِنِّىْ تُبْتُ اِلَيْكَ وَاِنِّىْ مِنَ الْمُسْلِمِيْنَ ۔
৬৫ ।	**নেক আমলের দু'আ-২**
	رَبِّ ارْحَمْهُمَا كَمَا رَبَّيٰنِىْ صَغِيْرًا ۔ رَبَّنَا اصْرِفْ عَنَّا عَذَابَ جَهَنَّمَ ۔ اِنَّ عَذَابَهَا كَانَ غَرَمًا ۔ اِنَّهَا سَآءَتْ مُسْتَقَرًّا وَّمُقَامًا ۔
৬৬ ।	**দুঃস্বপ্ন দেখলে দু'আ** اَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّيْطَانِ وَشَرِّ هٰذِهِ الرُّؤْيَا

	খাইরুল্লানা ওয়া শাররুল লি আদাইনা, আল্লাহুম্মা ইন্নি আয়ুযুবিকা মিন্ শাররি হাযিহির্ রুয়্ইয়া ।
৬৭ ।	**ক্বদরের রাত্রে পড়ার দু'আ**
	اَللّٰهُمَّ اِنَّكَ عَفُوٌّ تُحِبُّ الْعَفْوَ فَاعْفُ عَنِّىْ يَاغَفُوْرُ يَاغَفُوْرُ يَاغَفُوْرُ .
৬৮ ।	**রজব ও শাবান মাসে পড়ার দু'আ**
	اَللّٰهُمَّ بَارِكْ لَنَافِىْ رَجَبَ وَشَعْبَانَ وَبَلِّغْنَا رَمَضَانَ
৬৯ ।	**পেটের বেদনা হতে মুক্তির দু'আ**
	اَعُوْذُ بِعِزَّةِ اللّٰهِ وَقُدْرَتِهٖ مِنْ شَرِّمَا اَجِدُ وَاُحَاذِرُ
৭০ ।	**বদ নজর হতে রক্ষার দু'আ-** بِسْمِ اللّٰهِ اَللّٰهُمَّ اَظْهَرْ حَرُّهَا وَبَرْدُهَا
৭১ ।	**স্ত্রী-পুত্র ধার্মিক হওয়ার দু'আ**
	رَبَّنَا هَبْ لَنَا مِنْ اَزْوَاجِنَا وَذُرِّيَّتِنَا قُرَّةَ اَعْيُنٍ وَّاجْعَلْنَا لِلْمُتَّقِيْنَ اِمَامًا .
৭২ ।	**মাথা ব্যথা দূর করার দু'আ**
	بِسْمِ اللّٰهِ الشَّافِىْ . بِسْمِ اللّٰهِ الْكَافِىْ . بِسْمِ اللّٰهِ الْمُعَافِىْ بِسْمِ اللّٰهِ مَجْرِهَا وَمُرْسَهَا . اِنَّ رَبِّىْ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ .
৭৩ ।	**ঈমান সঠিক রাখার দু'আ** يَا مُقَلِّبَ الْقُلُوْبِ قَلْبِ عَلٰى دِيْنِكَ
৭৪ ।	**আল্লাহ্র নিকট সিরাতাল মুস্তাকীম পাওয়ার দু'আ**
	اَللّٰهُمَّ اِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ . صِرَاطَ الَّذِيْنَ اَنْعَمْتَ عَلَيْهِمْ مِنَ النَّبِيِّيْنَ وَالصِّدِّيْقِيْنَ وَالشُّهَدَاءِ وَالصَّالِحِيْنَ .
৭৫ ।	**সালামের উত্তম শব্দাবলী**
	اَلسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَتُ اللّٰهِ وَبَرَكَاتُهٗ وَمَغْفِرَتُهٗ

৭৬।	**সালামের জবাবের উত্তম শব্দাবলী**
	وَعَلَيْكُمُ السَّلَامُ وَرَحْمَتُ اللّٰهِ وَبَرَكَاتُهٗ وَمَغْفِرَتُهٗ
৭৭।	**কারো মাধ্যমে সালাম প্রেরণ করলে (উভয়ে পুরুষ হলে)**
	عَلَيْكَ وَعَلَيْهِ السَّلَامُ
৭৮।	**কারো মাধ্যমে সালাম প্রেরণ করলে (উভয়ে মহিলা হলে)**
	عَلَيْكَ وَعَلَيْهَا السَّلَامُ
৭৯।	**মুসলমান ভাইয়ের সাথে মুসাফাহ'র (পরস্পর হাত মিলানোর) সময়ে দু'আ**
	"ইয়াগফিরুল্লাহু লানা ওয়া লাকুম"
৮০।	**মুসলমান ভাইয়ের সাথে কোলাকুলি'র সময়ে দু'আ**
	"আল্লাহুম্মা যিদ্ মহাব্বাতী খালিসাতাল্ লিল্লাহি ওয়া রসূলিহী"
৮১।	**চাকুরী লাভ ও সকল প্রকার মকসুদ পূর্ণ হওয়ার দু'আ**
	يَا بَدِيْعُ الْعَجَائِبِ يَا لَطِيْفُ يَا بَدِيْعُ ০
	এ দু'আটি প্রত্যহ ১২০০ বার ১২ দিন পাঠ করবেন এবং প্রত্যহ মকসুদ পূরণের জন্য দু'আ করবেন।
৮২।	**শত্রু দমনের দু'আ**
	يَا قَاهِرُ ذَا الْبَطْشِ الشَّدِيْدِ اَنْتَ الَّذِيْ لَا يُطَاقُ انْتِقَامُهٗ يَا قَاهِرُ ০
৮৩।	**হাঁচি দেয়ার পর পাঠ করার দু'আ**
	হাঁচি আসলে "আলহামদুলিল্লাহ্" বলা সুন্নাত। যিনি দু'আ শুনবেন তিনি সঙ্গে সঙ্গে "ইয়ারহামুকাল্লাহ্" বলবেন। জবাব শুনার পর হাঁচিদানকারী বলবেন– "ইয়াহ্দি কুমুল্লাহু ওয়া ইয়ুস্লিহ্ বালাকুম"
৮৪।	**সারা জীবন ধনী থাকার দু'আ**
	"ইয়া যাল জালালি ওয়াল ইকরাম" প্রতিদিন ১০০শত বার পাঠ করা

৮৫।	**ঋণ পরিশোধ ও ধন-সম্পদ লাভের দু'আ**
	اَللّٰهُمَّ اكْفِنِىْ بِحَلَالِكَ عَنْ حَرَامِكَ وَاَغْنِنِىْ بِفَضْلِكَ عَمَّنْ سِوَاكَ
৮৬।	**নতুন কাপড় পরিধান করার সময় পাঠ করার দু'আ**
	اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ كَسَانِىْ هٰذَا وَرَزَقَنِيْهِ مِنْ غَيْرِ حَوْلٍ مِنِّىْ وَلَاقُوَّةٍ۔
৮৭।	**শিশু কথা বলা শুরু করলে–** সর্বপ্রথম "লা-ইলাহা ইল্লাল্লাহু" শিখাবেন।
৮৮।	শিশু কথা বলা শুরু করলে হযরত রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিম্নোক্ত আয়াত শিখাতেন–
	وَقُلِ الْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ لَمْ يَتَّخِذْ وَلَدًا وَّلَمْ يَكُنْ لَّهٗ شَرِيْكٌ فِى الْمُلْكِ وَلَمْ يَكُنْ لَّهٗ وَلِىٌّ مِّنَ الذُّلِّ وَكَبِّرْهُ تَكْبِيْرًا
৮৯।	অর্থশালী, ঋণমুক্তি, দ্বীন-দুনিয়ার মঙ্গল ও সকল প্রকার মকসুদ পূরণের জন্য একাধারে ৪০ দিন ফযরের সুন্নাত ও ফরযের মধ্যবর্তী সময়ে একুশ বার নিম্নরূপে সূরা ফাতিহা পূর্ণ পাঠ করবেন।
	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ
	বিসমিল্লাহির রাহমানির রাহীমিল হামদু লিল্লাহি রাব্বিল আলামীন।
৯০।	বিতরের নামাযে প্রথম রাকআতে সূরা ফাতিহার পর 'অত্বীন', দ্বিতীয় রাকআতে 'তাকাসূর' এবং তৃতীয় রাকআতে 'ইখলাস' পাঠ করলে অকালে দাঁত পরে না।
৯১।	**কিয়ামতের দিন মুখ উজ্জ্বল হওয়ার দু'আ**
	নামাযের পর ১১ বার পাঠ করে হাতের আঙ্গুলে ফুঁক দিয়ে কপালে মর্দন করবেন। — اِنَّهٗ هُوَ الْبَرُّ الرَّحِيْمُ

অভাব মোচন ও আর্থিক সচ্ছলতার বিশেষ আমল-১

হযরত ইবনে উমর (রাঃ) বর্ণনা করেন, জনৈক ব্যক্তি রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আরয করলেন ইয়া রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম! দুনিয়া আমাকে পৃষ্ঠ প্রদর্শন করেছে এবং আমাকে পরিত্যাগ করেছে। তিনি বলেন– সালাতে মালায়েকা (ফিরিশতাগণের দু'আ) এবং তাসবীহে খালায়েক– যার বদৌলতে ফিরিশতাগণকে রিযিক দান করা হয়, তোমার কাছ থেকে কোথায় গেল ? অতঃপর বললেন– সুবহে সাদিকের সময় এ দু'আটি ১০০ বার পাঠ করো। এর ফলে দুনিয়া তোমাকে হেয় ও লাঞ্ছিত অবস্থায় ধরা দিবে।

سُبْحَانَ اللّٰهِ وَبِحَمْدِهٖ سُبْحَانَ اللّٰهِ الْعَظِيْمِ وَبِحَمْدِهٖ اَسْتَغْفِرُ اللّٰهَ

অভাব মোচন ও আর্থিক সচ্ছলতার বিশেষ আমল-২

১। পিতা-মাতার সাথে উত্তম ব্যবহার।

২। ইয়াতীমের মাথায় হাত বুলানো।

৩। অযু থাকা সত্বেও প্রতি ওয়াক্তের নামাযে নতুন অযু করা।

৪। আযান হওয়ার পূর্বেই নামায পড়তে মসজিদে গমন করা।

৫। প্রতি পাঁচ ওয়াক্তিয়া নামাযের বাদে দশবার সূরা ক্বদর পাঠ করা।

৬। প্রতি শুক্রবার হাত পায়ের নখ কাটা, গোফ খাট করা, বগল ও নাভীর নীচের পশম পরিস্কার করা।

৭। খুব প্রত্যুষে নিদ্রা ত্যাগ করা।

৮। পরিবারের সকলে এক সঙ্গে আহার করতে বসা।

৯। আহার করার সময় বরতনে (খাবার থালায়) নিজের দিক হতে আহার করা।

১০। রাত্রে বিত্‌রের নামায আদায় করে নিদ্রা যাওয়ার পূর্বে দুনিয়াবী কথাবার্তা হতে বিরত থাকা।

১১। মসজিদে প্রবেশকালে প্রথম ডান পা এবং মসজিদ হতে বের হওয়ার সময় বাম পা বাড়ানো।

১২। যমরদ পাথরের আংটি হাতে ব্যবহার করা।

খাবার খাওয়ার ফরজ ও ওয়াজিবের বিবরণ

[উদ্ধৃতি ঃ ইবাদত ও আমালিয়াত (সারমর্ম)]

খাওয়ার মধ্যে ফরজ ০৬ (ছয়) টি। যথা–

১। আল্লাহ্পাকের ইবাদত করার নিয়তে জীবন বাঁচানোর জন্য খাওয়া। – কুরআন (৫১ঃ৫৬)

২। হারাম না হালাল খাদ্য তা জেনে হালাল খাদ্য খাওয়া।– কুরআন (২০ঃ৮১)

৩। যে প্রকারের খাদ্যই হোক না কেন, তা সব্র ও সন্তুষ্টির সাথে খাওয়া।– কুরআন (৪৩ঃ৩২)

৪। খাওয়ার সময় আল্লাহ্পাকের করুণা উপলব্ধি করার জন্য চিন্তা করা।– কুরআন (৭ঃ৬৯)

৫। অতিরিক্ত না খাওয়া এবং খাদ্য দ্রব্য অপচয় না করা।– কুরআন (৭ঃ৩১)

৬। খাওয়ার পর বাক্যের দ্বারা ও কার্যের দ্বারা আল্লাহ্পাকের নিয়ামতের শোক্র করা।– কুরআন (২ঃ১৭২)

খাওয়ার মধ্যে ওয়াজিব ০১ (এক) টি। যথা– খাওয়ার সামগ্রী সামনে আনা হলে এর মহত্ব স্মরণ করে নিজকে এর অনুপযুক্ত মনে করা।

খাওয়ার বিষয়ে দুটি গুরুত্বপূর্ণ হাদীস–

১। وَعَنْ اَبِىْ هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ ﷺ اَلطَّاعِمُ الشَّاكِرُ كَالصَّائِمِ الصَّابِرِ – رواه الترمذى

হযরত আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন– "খানা খেয়ে শোক্র আদায়কারী সংযমী রোযাদারের ন্যায় (সওয়াবের অধিকারী হয়)।"– তিরমিযী শরীফ

২। وَعَنْ نُبَيْشَةَ عَنْ رَسُوْلِ اللهِ ﷺ قَالَ مَنْ اَكَلَ فِىْ قَصْعَةٍ فَلَحِسَهَا اسْتَغْفَرَتْ لَهُ الْقَصْعَةُ – رواه احمد والترمذى وابن ماجة والدارمى

হযরত নোবায়শা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন– "যে ব্যক্তি পিয়ালাতে খায় এবং পরে তা চাটিয়া লয়, পাত্রটি তার জন্য মাগফিরাত (ক্ষমা) কামনা করে।"– মুসনাদে আহমদ, তিরমিযী, ইবনে মাজাহ্ ও দারেমী শরীফ

পঞ্চম পরিচ্ছেদ

হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর অনুসরণ

কুতুবুল এরশাদ হযরত মৌলভী সূফী হাবিবুর রহমান (রাঃ)-এর হস্তলিপি
হযরত (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-এর
অনুসরণের জন্য একটি বাস্তব চিত্র

January 4 196১
পৌষ ২১

নিম্নলিখিত কাজগুলি, যাহা হুজুর(দঃ) সর্বদা করিতেন, তাহা করিলেই হুজুর(দঃ)-এর অনুকরণ করা হইবে:-

১। রিয়া ত্যাগ করিয়া সব কাজ আল্লাহ-সন্তোষের নিয়তে করিও, বাহাদুরী বা বড়মানুষী করার জন্য কোন কাজ করিও না।
২। সামান্য খাদ্যে তুষ্ট হইও; উদর পূর্ণ করিয়া কখন খাইও না।
৩। সামান্য শয্যায় উজুর সহিত ডান কাতে শয়ন করিও।
৪। পরিধান বস্ত্রের সংখ্যা কমাইয়া যাহা না হইলে চলে না তাহা ঠিক কর, এমন সংখ্যক বস্ত্র পরিধান করিও।
৫। প্রতি মাসে আইয়ামে বীজের ৩টি রোজা রাখিও।
৬। শেষ রাত্রে কমপক্ষে ২ রাকাত তাহাজ্জুদ নামাজ পড়িও।
৭। সর্বদা অজুর সাথে থাকিও।
৮। সর্বক্ষণ আল্লাহকে স্মরণ রাখার জন্য পাছ-আনফাছ প্রক্রিয়া আমল করিবে।
৯। চলা ফিরার সময় নজর-বর কদম রাখিবে।
১০। অহংকার এবং গুজব ত্যাগ করিয়া বিনয়ী হইয়া সরল ও সাদাসিধে জীবন যাপন করিবে।
১১। গরীব দুঃখীর সহিত সদয় ব্যবহার করিবে এবং সাধ্যানুযায়ী তাহাদিগকে সাহায্য ও দান খয়রাত করিবে।
১২। দুনিয়ার সম্পদ হইতে বিচ্ছেদকারী মৃত্যু যে প্রতি মুহূর্তে নিকট হইতে নিকটতর হইতেছে তাহা ভুলিও না।
১৩। তোমার সব নেয়ামত আল্লাহপাক হইতে পাইতেছ মনে করিয়া সর্বদা তাঁহাকে ভালবাসিবে ও কৃতজ্ঞ হইবে।
১৪। মরণকালে 'আল্লাহ বিনে বন্ধু কেহ নাই', ইহা সর্বদা মনে রাখিও ভাই।
১৫। যাহা তুমি অধিকারে রাখিয়াছ [illegible] উহা তোমার সম্পত্তি নহে; বরং যাহা তুমি আল্লাহর সন্তোষলাভের জন্য ব্যয় করিবে [illegible] প্রকৃত সম্পত্তি [illegible]

দিন-রাতের সুন্নাত আমল

দিনের সুন্নাত আমল ঃ

প্রত্যুষে ঘুম থেকে উঠার পরে সুন্নাত আমল ঃ

১) ঘুম থেকে উঠে উভয় হাত দ্বারা মুখমন্ডল ও চক্ষু ঘষে নিবেন, যাতে নিদ্রার আবেশ দূর হয়ে যায়।– তিরমিযী শরীফ

২) জাগ্রত হয়েই তিনবার আলহামদু লিল্লাহ্, তিন বার 'লা-ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূলুল্লাহ্ (সাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)' পাঠ করবেন।

৩) নিম্নোক্ত দু'আটিও পাঠ করা সুন্নাত–

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ اَحْيَانَا بَعْدَ مَا اَمَاتَنَا وَاِلَيْهِ النُّشُوْرُ

৪) এরপর মিসওয়াক করবেন।– আবূ দাউদ শরীফ

৫) এস্তেঞ্জার জন্যে পানির পাত্রে হাত ডুবাবেন না; বরং প্রথমে উভয় হাত তিনবার ধুয়ে নিবেন, এরপর পানির মধ্যে হাত ডুবাবেন।– তিরমিযী শরীফ

এরপর প্রস্রাব-পায়খানায় যাবেন। গোসলের প্রয়োজন হলে গোসল অথবা অযু করে কিংবা অসুস্থ হলে তায়াম্মুম করে নামায পড়বেন। এরপর মসজিদে আওয়াল ওয়াক্তে গিয়ে **জামাআতের সাথে ফরয নামায পড়বেন।**

ঘরের বাইরে যাওয়ার দু'আ ঃ হযরত আনাস (রাঃ) এর বর্ণনায় রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন– তোমরা ঘর থেকে বের হওয়ার সময় এ দু'আ পড়বে–

بِسْمِ اللّٰهِ تَوَكَّلْتُ عَلَى اللّٰهِ لَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ

এ দু'আ পাঠকারীকে ফিরিশতারা বলে– "হে আল্লাহ্র বান্দা, তোমার এ নিবেদন তোমার জন্যে যথেষ্ট। তুমি পূর্ণ হিদায়েত পেয়ে গেছ এবং তোমার হিফাযতের ফয়সালা হয়ে গেছে। অতঃপর শয়তান নিরাশ হয়ে তার কাছ থেকে দূরে চলে যায়।"– তিরমিযী ও আবূ দাউদ শরীফ

সকালের দু'আ ঃ হযরত ইবনে আব্বাস (রাঃ) এর বর্ণনায় রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন– "যে ব্যক্তি নিম্নোক্ত আয়াত পাঠ করে, সে সারাদিনে যেসব পুণ্য কাজ করতে পারতো কিংবা করার নিয়ত ছিল, কিন্তু পারে

নাই, সেসব কাজেরও সওয়াব পাবে এবং যে সন্ধ্যায় পাঠ করে, সে সারা রাত্রির না করা পুণ্য কাজসমূহেরও সওয়াব পাবে।" আয়াত–

فَسُبْحٰنَ اللّٰهِ حِيْنَ تُمْسُوْنَ وَحِيْنَ تُصْبِحُوْنَ وَلَهُ الْحَمْدُ فِى
السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَعَشِيًّا وَّ حِيْنَ تُظْهِرُوْنَ يُخْرِجُ الْحَيَّ مِنَ
الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَيِّ وَيُحْيِى الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا
وَكَذٰلِكَ تُخْرَجُوْنَ (কোরআন (৩০:১৭-১৯)

ইশরাক নামায ঃ ফজরের নামায শেষে সূর্যোদয়ের পর প্রায় তেইশ মিনিট সময় অতিক্রান্ত হলে দুই রাকআত ইশরাকের নামায পড়বেন। মাঝের সময়টুকুতে যিক্‌রে লিপ্ত থাকবেন। এ আমলে পূর্ণ এক হজ্জ ও এক উমরাহ্‌র সওয়াব পাওয়া যায় ও সকল সগীরা গুনাহ্ মাফ হয়ে যায়। ইশরাকের নামাযান্তে জীবিকা উপার্জনের কাজে বের হয়ে যাবেন। হালাল রুযী উপার্জন করবেন। এছাড়া অন্যান্য ফরয ও ওয়াজিব ইবাদত করবেন ও জীবনের সকল কর্মে সুন্নাত অনুসরণের প্রতি যত্নবান হবেন।

চাশতের নামায ঃ সূর্য যখন যথেষ্ট উঁচুতে উঠে পড়ে এবং তার কিরণ প্রখর হয়ে যায়, তখন চাশতের নামায আদায় করবেন। এ নামায চার থেকে বার রাকআত পর্যন্ত।– মুসলিম শরীফ। হাদীসে বর্ণিত আছে, চাশতের মাত্র চার রাকআত নামায পড়লে মানবদেহে যে ৩৬০টি গ্রন্থি আছে, সবগুলোর সদকা আদায় হয়ে যায় এবং যাবতীয় সগীরা গুনাহ্ মাফ হয়ে যায়।– মুসিলম শরীফ

যাওয়াল এর নামায ঃ

সূর্য হেলার পর যোহরের নামাযের পূর্ব মুহূর্তে এক সালামে চার রাকআত নামায পড়তে হয়। এ নামায পড়লে উক্ত নামাযীর সঙ্গে সত্তর হাজার ফিরিশতা নামায পড়বে এবং সারা রাত তার জন্য আল্লাহ্‌র দরবারে মাগফিরাত কামনা করবে। হযরত রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোনদিন এ নামায পরিত্যাগ করেননি।– এহিয়াউল উলুমদ্দিন

দ্বিপ্রহরের নিদ্রা ঃ অবসর পাওয়া গেলে সুন্নাত অনুসরণের নিয়্যতে দুপুর বেলায় আহারের পর অল্পক্ষণ শুয়ে থাকবেন। হাদীসে একে 'কায়লুলা' বলা হয়েছে।

যোহরের নামায জামাআত সহকারে আদায় করার পর সাংসারিক কাজ-কর্মে মশগুল হবেন এবং আসরের নামাযের প্রতি বিশেষভাবে খেয়াল রাখবেন।

আসরের সুন্নাত ঃ আসরের ফরয নামাযের পূর্বে সুন্নাত চার রাকআত নামায আদায় করবেন।–তিরমিযী শরীফ। আসরের ফরয নামাযের পর অল্পক্ষণ বসে যিক্‌র করবেন, এরপর মুনাজাত করবেন।– বেহেশতী যেওর

রাতের সুন্নাত আমল ঃ

আওয়াবীন ঃ মাগরীবের নামাযের পর দুই-দুই রাকআত করে কমপক্ষে ছয় রাকআত নামায পড়তে হয়। সর্বাধিক বিশ রাকআতও পড়া যায়।–আবূ দাঊদ ও মিশকাত শরীফ

ইশার নামায ঃ ইশার নামায জামাআত সহকারে আদায় করবেন। ইশার ফরযের পূর্বে চার রাকআত সুন্নাত এবং ফরযের পরে দুই রাকআত সুন্নাতে মুয়াক্কাদাহ্‌ পড়বেন।– মিশকাত শরীফ

তাহাজ্জুদের নামায ঃ হাদীসে বর্ণিত হয়েছে, ফরয নামাযের পর সর্বোত্তম নামায হচ্ছে শেষ রাত্রিতে তাহাজ্জুদের নামায। তাহাজ্জুদ কমপক্ষে দুই রাক'আত এবং বেশীর পক্ষে বার রাকআত।– বুখারী, মুয়াত্তা ইমাম মালেক

শেষ রাতে তাহাজ্জুদের সময় যার নিদ্রাভঙ্গ হয় না, সে চার রাক'আত নামায ইশার পরে তাহাজ্জুদের নিয়তে পড়ে নিবেন। আল্লাহ্‌র দয়ায় এটাই তাহাজ্জুদ বলে গণ্য হবে।– তারগীব

তাহাজ্জুদের জন্যে জায়নামায শিয়রে রেখে, উঠার নিয়ত করে ঘুমানো সুন্নাত।– নাসাঈ শরীফ

অযুর পানি ও মিসওয়াক পূর্বে তৈরী করে রেখে নিদ্রা যাওয়া সুন্নাত।– মুসলিম শরীফ

বিত্‌রের পরে দুই রাক'আত নফল পড়া উত্তম।

ঘরে আসা-যাওয়ার সুন্নাত ঃ ঘরের লোকজনকে সালাম করবেন এবং এ দু'আ পাঠ করবেন–

اَللّٰهُمَّ اِنِّىْ اَسْئَلُكَ خَيْرَ الْمَوْلِجِ وَخَيْرَ الْمَخْرَجِ بِسْمِ اللّٰهِ
خَرَجْنَا وَعَلَى اللّٰهِ رَبِّنَا تَوَكَّلْنَا

ঘরে কেউ না থাকলে এভাবে সালাম করবেন–

اَلسَّلَامُ عَلَيْنَا وَعَلٰى عِبَادِ اللّٰهِ الصّٰلِحِيْنَ

ফিরিশতাদেরকে সালাম করবেন, একমাত্র স্ত্রী-ই যদি ঘরে থাকে, তাকেই সালাম করবেন। এটা সুন্নাত।–আবূ দাঊদ শরীফ

কড়া নেড়ে, পদশব্দ করে, গলা ঝেড়ে ঘরের লোকজনকে সতর্ক করা উচিত।– নাসাঈ শরীফ। সময় বিশেষে মা, কন্যা অথবা বোনেরাও এমন অবস্থায় থাকতে পারেন যে, হঠাৎ ঢুকে পড়লে তারা লজ্জিত হবেন। তাই সতর্ক করে ঘরে প্রবেশ করবেন।– আল-আদাবুল মুফরাদ

ইশার নামায পড়ার পূর্বে ঘুমাবেন না। এতে নামায ফওত হওয়ার আশঙ্কা থাকে।– মিশকাত শরীফ

ইশার নামাযের পর বিনা প্রয়োজনে পার্থিব কথাবার্তা বলা মাকরূহ্ তানযীহী।– মিশকাত শরীফ। (কোন কোন আলিম এর মতে মাকরূহ্ তাহ্‌রিমী)। তবে স্ত্রী ও সন্তানদের সাথে উপদেশমূলক গল্প অথবা কৌতুকপূর্ণ কথা-বার্তা বলা সুন্নাত।– শামায়েলে তিরমিযী

অন্ধকার রাত্রিতেও মসজিদে গিয়ে ইশার নামায জামাআতের সাথে আদায় করা সুসংবাদ ও বড় সওয়াবের কারণ।– ইবনে মাজাহ্ শরীফ। প্রত্যেক ফরয নামায জামআতের প্রথম তাকবীরে শরীক হয়ে আদায় করা সুন্নাত।– তারগীব

যে ব্যক্তি ক্রমাগত চল্লিশ রাত্রিতে ইশার নামায জামাআতের সাথে আদায় করে, তার জন্যে দোযখ থেকে নিস্কৃতি লিখে দেয়া হয়।– ইবনে মাজাহ্ শরীফ

হযরত উসমান ইবনে আফ্‌ফান (রাঃ) বর্ণনা করেন, হযরত রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন–

مَنْ صَلَّى الْعِشَاءَ فِيْ جَمَاعَةٍ كَانَ كَقِيَامِ نِصْفِ لَيْلَةٍ وَمَنْ صَلَّى الْفَجْرَ فِيْ جَمَاعَةٍ كَانَ كَقِيَامِ لَيْلَةٍ۔

"যে ব্যক্তি ইশার নামায জামাআতে আদায় করলো, সে যেন অর্ধেক রাত নামায আদায়ের মধ্যে কাটালো, আর যে ব্যক্তি ফযরের নামাযও জামাআতে আদায় করলো, সে যেন সমস্ত রাতই নামায আদায় করলো।"– মুসনাদে আহমদ ও মুসলিম শরীফ

শয্যা গ্রহণের সুন্নাত আমল ঃ হযরত আবূ হুরায়রা (রাঃ) বর্ণনা করেন, রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন– "যখন কেউ শয্যা গ্রহণের ইচ্ছা করে, তখন লুঙ্গি দ্বারা শয্যাটি ঝেড়ে পরিস্কার করে নেয়া উচিত। কারণ, শয্যায় কি পড়ে রয়েছে, তা জানা নেই। অতঃপর ডান কাতে শুয়ে এ দু'আ পাঠ করবেন–

بِاسْمِكَ رَبِّيْ وَضَعْتُ جَنْبِيْ فَإِنِ احْتَسَبْتَ نَفْسِيْ
فَارْحَمْهَا وَإِنْ أَرْسَلْتَهَا فَاحْفَظْهَا بِمَا تَحْفَظُ بِهِ الصَّلِحِيْنَ
أَوْ قَالَ عِبَادَكَ الصَّلِحِيْنَ

রাত্রিতে নিদ্রার পূর্বে সূরা ওয়াকিয়াহ্ পাঠ করলে দারিদ্র ও উপবাস থেকে মুক্তি পাওয়া যায়।– তারগীব

রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুসাব্বিহাত সূরা সমূহ পাঠ করতেন এবং বলতেন– এসব সূরার মধ্যে এমন একটি আয়াত আছে, যা হাজার আয়াত থেকে উত্তম। মুসাব্বিহাত সূরাসমূহ এই– সূরা হাদীদ, সূরা হাশর, সূরা সফ, সূরা জুমু'আ, সূরা তাগাবুন, সূরা আ'লা।– হিস্নে হাসীন

শয়নকালে তিনবার নিম্নোক্ত এস্তেগফার পাঠ করবেন–

أَسْتَغْفِرُ اللّٰهَ الَّذِيْ لَا إِلٰهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّوْمُ وَ أَتُوْبُ إِلَيْهِ

এটা নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সুন্নাত।– তারগীব

অযু না থাকলে অযু করে নিবেন। ওযু না করলে নিদ্রার নিয়তে তায়াম্মুমই করে নিবেন। এর পর নিদ্রা যাবেন।– যাদুল মা'আদ

রাতের আমল

সন্ধ্যার কিছু আগেই মসজিদে গিয়ে তসবীহ্, এস্তেগফার প্রভৃতিতে লিপ্ত থাকবেন। মাগরিবের ফরয ও সুন্নাত নামায পড়ার পর ০৬ (ছয়) রাকআত আওয়াবিন সুন্নাত নামায পড়বেন। এরপর জামআতে ইশা পড়ে ১০০-৫০০ বার দরূদ শরীফ পড়বেন। খাওয়া-দাওয়ার পর প্রশ্রাব-পায়খানা ইত্যাদি হাজত সম্পন্ন করে পুনরায় অযু করতঃ সূরা সিজ্দা ও সূরা মুলক্ পড়বেন। তারপর শোয়ার বিছানায় গিয়ে ৩ বার এস্তেগফার, ১১ বার দরূদ শরীফ, একবার সূরা ফাতিহা, একবার আয়াতুল কুরসি, ১ বার সূরা বাকারার শেষ দুই আয়াত, তারপর সূরা হাশরের শেষ তিন আয়াত, চারকূল একবার করে পাঠ করবেন। এ সমস্ত সূরা

পড়ে দুই হাতে ফুঁক দিয়ে সমস্ত শরীর মুখ হতে নীচের দিকে মাসেহ করবেন। এরপর কথা না বলে উত্তর শিয়রে ডান কাতে অযুর সাথে সুন্নাত অনুযায়ী ডান হাত গালের নিচে রেখে শোয়ে "আল্লাহুম্মা বি-ইসমিকা আমুতু ওয়া আহ্ইয়া" এই দু'আ পড়বেন। শীতকালে রাত ৩:৩০ এবং গ্রীষ্মকালে রাত ৩:০০ টার সময় উঠে দুই রাকআত হতে বার রাকআত পর্যন্ত তাহাজ্জুদের নামায পড়বেন এবং তারপর কুরআন শরীফ তিলাওয়াত করবেন।

পাঁচ ওয়াক্ত ফরয নামাযের পর পাঠ করার তাসবীহ্

আল্লাহ্ তা'য়ালা বলেন–

وَلِلّٰهِ الْاَسْمَآءُ الْحُسْنٰى فَادْعُوْهُ بِهَا

"সুন্দরতম নামসমূহ আল্লাহ্রই জন্য। তোমরা সেসব নামেই তাঁকে স্মরণ করো।"– কুরআন (৭ঃ১৮০)

আল্লাহ্র প্রিয় বান্দাগণ উক্ত আদেশ পালনে পাঁচ ওয়াক্ত নামায বাদ নিম্নোক্ত তাসবীহ আদায় করেন–

(ক) ফজর বাদ- 'হুওয়াল হাইউল কাইউম'
অর্থ ঃ তিনি (আল্লাহ) চিরঞ্জীব ও চিরস্থায়ী।

(খ) যোহর বাদ- 'হুওয়াল আলীউল আযীম'
অর্থ ঃ তিনি (আল্লাহ) চির-উন্নত, অতি মহান।

(গ) আসর বাদ- 'হুওয়ার রাহমানুর রাহীম'
অর্থ ঃ তিনি (আল্লাহ) করুণাময়, অতীব দয়ালু।

(ঘ) মাগরিব বাদ- 'হুওয়াল গাফুরুর রাহীম'
অর্থ ঃ তিনি (আল্লাহ) ক্ষমাশীল, অতীব দয়ালু।

(ঙ) ইশা বাদ- 'হুওয়াল লাতিফুল খাবীর'
অর্থ ঃ তিনি (আল্লাহ) সূক্ষ্ম বিষয় অবগত, গুপ্ত বিষয় জ্ঞাত।

ফজর ও মাগরিব নামায বাদ পড়ার অজিফা (মোহাম্মদীয়া তরীকা)

[**উদ্ধৃতি ঃ** কুতুবুল এরশাদ, ইমামুত্ তরীকত, হযরত মৌলভী সূফী হাবিবুর রহমান (রাঃ) কর্তৃক লিখিত "আল্লাহ্ প্রাপ্তির সোজা পথ"]

অজিফা ঃ

১। সওয়াব রেছানী ঃ

(ক) দরূদ শরীফ - ১১ বার

(খ) 'আস্তাগফিরুল্লাহাল্লাজি লা-ইলাহা ইল্লাহ হুয়াল্ হাইউল কাইউমু ওয়া আতুবু ইলাইহি" - ৩ বার বা ১০ বার।

(গ) 'সুবহানাল্লাহি ওয়াল্ হাম্দু লিল্লাহি ওয়া লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াল্লাহু আকবার" - ৩ বার।

(ঘ) "লা ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্দাহু লা শারীকালাহু লাহুল্ মুলক্ ওয়া লাহুল হাম্দু ইউহ্ই ওয়া ইউমিতু ওয়া হুয়া হাইউল লা ইয়ামুতু বিইয়াদিহিল খাইরু, ওয়া হুয়া আলা কুল্লি শাইয়িন্ কাদির" - ৩ বার।

(ঙ) 'সুবহানাল্লাহি ওয়া বিহামদিহী, সুবহানাল্লাহিল্ আজিম ওয়া বিহামদিহী আস্তাগ্ফিরুল্লাহ্" - ৩ বার।

(চ) আয়াতুল কুরছি - ১ বার

(ছ) 'আউজু বিল্লাহিচ্ছামিয়ীল আলিমি মিনাশ্ শাইত্বানির রাজীম" - ৩ বার পড়ে সূরা হাশরের শেষ তিন আয়াত ১ বার পড়বেন।

(জ) সূরা ইখলাছ - ৩ বার বা ১০ বার।

(ঝ) সূরা ফালাক - ১ বার।

(ঞ) সূরা নাস - ১ বার।

(ট) সূরা বাকারার শেষ আয়াত - ১ বার এবং

(ঠ) সূরা ফাতিহা - ১ বার বা ৩ বার।

এই সমস্ত পড়ে এর সওয়াব সমস্ত পয়গাম্বর, আউলিয়া, মা-বাবা ও সকল মুসলমান নর-নারীর রূহের উপর নিম্নরূপে বক্শিয়ে দিবেন–

"ইয়া আল্লাহ্! আমরা যা কিছু পাঠ করলাম তা তোমার দরবারের উপযুক্তমত হয়নি, এতে অনেক ভুল–ত্রুটি হয়েছে; উক্ত ভুল-ত্রুটি মাফ করে তোমার দরবারে কবুল করতঃ এর সওয়াব আমাদের প্রাণের রসূল সাইয়েদুল মুরসালিন, রাহমাতুল্লিল আলামীন, সিরাজুম্মুনীরা, শাফিউল মুজনেবীন, হযরত মুহাম্মদ মুস্তফা আহমদে মুজতবা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসালাম এর রুহ্পাকে হাদিয়া হিসাবে বকশিয়া দিলাম। ইয়া আল্লাহ্! 'আতে মুহাম্মাদানিল্ উসিলাতা, ওয়াল্ ফাজিলাতা ওয়া আবআসহু মাকামাম্মাহুমুদা নিল্লাজি ওয়াত্তাহু ওয়া আরফা জিকরাহু ওয়া মুহাব্বাতাহু ওয়া দারাজাতাহু ফিল্ আয়াউলিনা ওয়াল্ আখেরীনা ওয়া ফিল্ মুস্তাফাইনাল আখইয়ার।' এই হাদিয়া হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়াসালাম এর রওজা মোবারকে পৌঁছিয়ে দিন এবং তাঁকে আমাদের প্রতি খুশী করে দিন এবং তার জিয়ারত, তাওয়াজ্জোহ্ ও দু'আ আমাদের নসিব করে দিন ও তাঁর তাওয়াজ্জোহ্ ও জিয়ারতের বরকতে আমাদের মুর্দা কলবকে জিন্দা করে দিন ও অন্ধ কলবকে চক্ষুষ্মান করতঃ আমাদের কাশ্ফ খুলে দিন যার দ্বারা নামাযে ও মোরাকাবায় আপনার সঙ্গে মেরাজ লাভ করে প্রাণ ঠান্ডা করতে পারি। তারপর এর সওয়াব হযরত জিব্রাঈল (আঃ), হযরত আজরাঈল (আঃ), হযরত মিকাঈল (আঃ), হযরত ইস্রাফিল (আঃ) কেরামুন কাতেবীন, মুনকির-নকির (আঃ) প্রভৃতি তোমার মালায়েকাতিল মুকার্‌রাবীন ও অন্যান্য সমস্ত মালায়েকার উপর বকশিয়া দিলাম। অতঃপর তোমার সমস্ত মুরসালিন ও আম্বিয়াগণ, খাছ করে হযরত আদম (আঃ), হযরত নূহ্ (আঃ), হযরত ইব্রাহীম (আঃ), হযরত লুত (আঃ), হযরত ইসমাঈল (আঃ), হযরত ইছহাক (আঃ), হযরত মূসা (আঃ), হযরত হারুন (আঃ), হযরত ইউসুফ (আঃ), হযরত আইয়ুব (আঃ), হযরত সোয়াইব (আঃ), হযরত সুলাইমান (আঃ), হযরত ইয়াসায়া (আঃ), হযরত হুদ (আঃ), হযরত ইউনুস (আঃ), হযরত ইদ্রিস (আঃ), হযরত জাকারিয়া (আঃ), হযরত ইহাইয়া (আঃ), হযরত দাউদ (আঃ), হযরত ঈসা (আঃ), হযরত সালেহ্ (আঃ), হযরত ইলিয়াস (আঃ), হযরত জালকেফল্ (আঃ), হযরত খিজির (আঃ) ও অন্যান্য সমস্ত পয়গাম্বরগণের আরওয়াহ্ পাকের উপর এর সওয়াব পৌঁছিয়ে দিন। এরপর সারা জাহানের সমস্ত সিদ্দিক, শোহাদা, সালেহীন, মু'মিন নর-নারী খাছ করে হযরত আবু বকর সিদ্দিক (রাঃ), হযরত উমর (রাঃ), হযরত ওসমান (রাঃ), হযরত আলী (আঃ), আমাদের মা হযরত খাদিজা (রাঃ) ও আয়েশা (রাঃ) এবং আমাদের বোন হযরত ফাতেমা (রাঃ) ও ভাগিনা হযরত হাসান-হুসাঈন (রাঃ)

এবং হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়াসালাম এর বংশধর, মু'মেনীনগণের আরওয়াহ্ পাকের উপর উক্ত সওয়াব পৌঁছিয়ে দিন। এরপর তামাম আসহাবগণ, তাবেয়ীন ও তাবে-তাবেয়ীনগণের উপর, খাছ করে চারি তরীকার ইমাম হযরত গাউসুল আজম আবদুল কাদের জিলানী (রঃ), খাজা মাইনুদ্দিন চিশ্‌তি (রঃ), বাহাউদ্দীন নক্‌শবন্দ (রঃ), মোজাদ্দেদে আলফেছানী (রঃ)-গণের আরওয়াহ্ পাকের উপর উক্ত সওয়াব পৌঁছিয়ে দিন। তারপর চার ইমাম খাছ করে ইমাম হযরত আবু হানিফা (রঃ), ইমাম হযরত গায্‌যালী (রাঃ), হযরত জোনায়েদ বোগদাদী (রাঃ), হযরত বায়েজীদ বোস্তামী (রঃ), ইমাম জাফর সাদেক (রঃ), হযরত হাসান বছরী (রঃ), হযরত রাবেয়া বছরী (রঃ), সূফী ফতেহ্ আলী (রঃ), সূফী নূর মোহাম্মদ নিজামপুর (রঃ), আবুল হোসেন নূরী (রঃ), হযরত আবুল হোসেন খেরকানী (রঃ), হযরত কুতুবুদ্দীন বখতিয়ার কাকী (রঃ), হযরত নিজামুদ্দীন আউলিয়া (রঃ), হযরত ওয়ায়েজকরণী (রঃ), হযরত ইবনে আব্বাস (রাঃ), হযরত শাহ্ ওলিউল্লাহ্ মোহাদ্দেসে দেহলভী, সৈয়দ আহমদ বেরলভী ও হযরত শাহ্‌জালাল (রঃ)-গণের আরওয়াহ্ পাকে উক্ত সওয়াব পৌঁছিয়ে দিন। কুতুবুল আখতাব হযরত আবু বকর সিদ্দিকী (রঃ), মরহুম ক্বারী ইব্রাহীম সাহেব, মাওলানা নেসার উদ্দীন আহমদ সাহেবগণের আরওয়াহ্ পাকে উক্ত সওয়াব পৌঁছিয়ে দিন। তারপর এর সমুদয় সওয়াব আমাদের পীর সাহেব কেবলার রুহপাকে পৌঁছিয়ে দিন। তারপর আমাদের সিলসিলার মৃত ও জীবিত সকল পীরভাই, পীরবোন, মা-বাবা, দাদা-দাদী, নানা-নানী, সন্তান-সন্ততি ও আমাদের ভাই-ভগ্নী, শ্বশুর-শাশুড়ী ও অন্যান্য আত্মীয়-স্বজন যারা তোমার ডাকে ঘর ছেড়ে কবরে শায়িত আছেন, তাদের সকলের উপর বকশিয়া দিলাম। ইয়া আল্লাহ্! এদের দু'আর বরকতে, হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়া সালাম এর উসিলায় এবং তোমার খাছ রহমত দ্বারা আমাদের গত জীবনের সর্বপ্রকার পাপ মাফ করে দিন ও মৃত্যুর সময় ঈমানের সাথে আমাদের সকলকে তোমার দরবারে উঠিয়ে নিন এবং মৃত্যুর পর আর আজাব করবেন না।"

(এরপর আল্লাহ্‌র দরবারে নিজ নিজ অন্যান্য মকসুদের জন্য প্রার্থনা করবেন এবং মুসলমান ভাই-ভগ্নিদের মকসুদের জন্যও দু'আ করবেন।)

উল্লেখ্য, মুনাজাতের নমুনা লেখার উদ্দেশ্য হলো, আল্লাহ্‌র ওলীগণ জানেন কি করলে, কি বললে আল্লাহ্ খুশি হবেন, তেমনিভাবে কি করলে ও কি বললে নবী-রসূলগণ ও অলী-আল্লাহগণ খুশি হবেন। তাই আল্লাহ্‌র সন্তুষ্টি ও নবী-অলীগণের

তাওয়াজ্জোহ্, দু'আ লাভের আশায় হযরত কুতুবুল এরশাদ (রাঃ) এর মুনাজাত তুলে ধরলাম।

যারা সময়ের অভাবে উপরোক্ত দু'আগুলি পড়ে সওয়াব রেছানী করতে অপারগ হবেন তারা সংক্ষিপ্ত দু'আ করবেন ও নিম্নলিখিত সংক্ষিপ্ত সওয়াব রেছানীর দু'আগুলি পড়ে সওয়াব রেছানী করলেও চলবে।

সংক্ষিপ্ত সওয়াব রেছানী ঃ

(ক) দরূদ শরীফ - ৩ বার; (খ) "আস্তাগ্ফিরুল্লাহা রাব্বি মিন্ কুল্লি জাম্বিউ ওয়া আতুবু ইলাইহি - ১১ বার। (গ) সূরা ইখলাস - ১০ বার এবং (ঘ) সূরা ফাতেহা - ৩ বার।

এভাবে নবী-রসূলগণ, অলী-আল্লাহ্গণ, ফেরেশতাগণ, জীবিত ও মৃত পীর-মুর্শিদ, উস্তাদ-মুরুব্বী, মাতা-পিতা, স্ত্রী-পুত্র, পরিবার-পরিজন, আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব তথা সকল মুসলমান ভাই-বোনদের জন্য প্রত্যহ দু'আ-মুনাজাত মারফত সওয়াব পৌঁছাবেন।

ফজরের নামাজের পরের অজিফা ঃ

আপনি তরীকত পন্থী হলে পীরের নির্দেশ অনুযায়ী দু'আ-দরূদ, যিকির-আযকার করবেন। সকাল-সন্ধ্যা যিকির করা, আল্লাহ্র স্মরণে থাকা অতীব জরুরী। এটা আল্লাহ্রই আদেশ। এ কারণে সংক্ষিপ্ত অযিফার বর্ণনা করা হলো–

ছওয়াব রেছানী করে নিম্ন লিখিত "খতমে মুহাম্মদীয়া" পড়বেন–

(ক) এই দরূদ শরীফ ১০০ বার পড়বেন (কলবে নিয়ত করে)।

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ سَيِّدِ الْمُرْسَلِيْنَ وَعَلٰى مُحْيِ
سُنَّتِهِ الشَّيْخِ حَضْرَتْ قُطْبُ الْاِرْشَادِ صُوْفِيْ حَبِيْبُ الرَّحْمٰنُ اِمَامُ
الطَّرِيْقَةِ وَالْاَوْلِيَاءِ الْكَامِلِيْنَ رَضِيَ اللّٰهُ تَعَالٰى عَنْهُ–

(খ) এর পর কলব, রুহ্, ছের, খফি, আখফা লতিফাসমূহের প্রত্যেকটিতে ১০০ বার করে "লা-হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ্" মোট ৫০০ বার পড়বেন।

(গ) এর পর উক্ত খতমে মোহাম্মদীয়ার দরূদ শরীফ "নফসে" নিয়ত করে ১০০ বার হতে ৩০০ বার পড়বেন।

(ঘ) এর পর "কলবে" ইছমে জাত 'আল্লাহু আল্লাহ্' জিকির ৩০০ বার হতে ৫০০ বার করবেন।

(ঙ) প্রত্যেহ সাধ্যানুযায়ী কম-বেশি কুরআন শরীফ তিলাওয়াত করবেন।

মাগরিবের নামাজের পরের অজিফা ঃ

(ক) ছওয়াব রেছানী পূর্বের ন্যায় করবেন: (খ) 'আল্লাহু আল্লাহ্' জিকির (জলি বা খফি) ১০০ বার করবেন; (গ) কলেমা তৈয়্যেবার নফি এছবাত জিকির ১০০ হতে ৩০০ বার করবেন।

এশার নামাজের পরের অজিফা ঃ

"আল্লাহুম্মা সাল্লি আলা সাইয়্যিদিনা মুহাম্মাদিনিন নাবিয়্যিল উম্মিয়ি ওয়া আলিহী ওয়া সাল্লিম" এই দরূদ শরীফ ১০০ বার হতে ৫০০ বার পর্যন্ত পড়বেন।

বিভিন্ন নামায ঃ

১। কাজা নামায থাকলে তা আদায় করা।
২। তারাবিহ্ নামায আদায় করা।
৩। তাহাজ্জুদ নামায আদায় করা।
৪। ইশরাক নামায আদায় করা।
৫। চাশত-দোহা নামায আদায় করা।
৬। যাওয়ালের (সূর্য হেলার পর) নামায আদায় করা।
৭। আসর ও ইশার নামাযে ফরযের পূর্বে চার রাকআত সুন্নাত আদায় করা।
৮। আওয়াবিন নামায আদায় করা।
৯। দুখুলুল মসজিদ নামায আদায় করা।
১০। তাহিয়্যাতুল অযু নামায আদায় করা।
১১। সালাতুত তাসবীহ্ আদায় করা।
১২। কাফ্ফারাতুল বাউল নামায আদায় করা।
১৩। সালাতুত তওবা আদায় করা।
১৪। সালাতুশ শোক্র আদায় করা।
১৫। সালাতুল হাজাত আদায় করা।
১৬। আশুরা, শব-ই মিরাজ, শব-ই বরাত, শব-ই ক্বদর এর নামায় আদায় করা।
১৭। আল্লাহ্র নৈকট্য লাভের জন্য নফল নামায আদায় করা।

কবরে সাওয়াল-জাওয়াব

কবরে মাইয়্যেতকে ৩টি প্রশ্ন করা হবে–

প্রশ্ন	উত্তর
১। মান রব্বুকা (তোমার রব কে?)	রব্বি আল্লাহ্ (আমার রব আল্লাহ্)
২। মা দীনুকা (তোমার দ্বীন কি?)	দ্বীনি আল-ইসলাম (আমার ধর্ম ইসলাম)
৩। মান হাজার্ রজুলু আল্লাজি বুয়িসা ফিকুম (এই ব্যক্তি কে, যিনি তোমাদের মধ্যে প্রেরিত হয়েছিলেন।)	তিনি আল্লাহ্র রসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম।)

সতর্কবাণী ঃ তৃতীয় প্রশ্নের উত্তরে আল্লাহ্র অনুগ্রহে আমি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর পরিচয় দিলাম, কিন্তু তিনি আমাকে উম্মত বলে পরিচয় দিবেন কি? খুবই চিন্তা করার বিষয়! সময় থাকতে 'হায়াতুন্নবী-জিন্দানবী'র সাথে সম্পর্ক করতে হবে। আল্লাহ্ আমাদেরকে তওফিক দান করুন। আমিন।

কবর যিয়ারত

মৃত ব্যক্তির সিনা বরাবর দাঁড়িয়ে মৃতের দিকে মুখ করে নিম্নোক্ত দু'আ পড়বেন–

"আস্সালামু আলাইকুম ইয়া আহ্লাল কুবুরি মিনাল মু'মিনীনা ওয়াল মু'মিনাতি ওয়াল মুসলিমীনা ওয়াল মুসলিমাতি আন্তুম লানা সালাফুওঁ ওয়া নাহ্নু লাকুম তাবিউন ওয়া ইন্না ইন্শাআল্লাহ্ বিকুম লাহিকুন। ইয়ারহামুনাল্লাহুল মুস্তাকদিমীনা ওয়াল মুস্তাখিরীনা ওয়া ইয়ার হামুনাল্লাহু ওয়া ইয়্যাকুম ওয়া হুয়া আরহামুর রাহিমীন।"

তারপর সূরা ইয়াসিন, সূরা মূল্ক, সূরা আর্রহমান বা অন্য কোন সূরা বা আয়াত পাঠ করে সূরা ফাতিহা একবার, সূরা ইখলাছ ১১ বার, সূরা তাকাসূর একবার, সূরা যিলযাল একবার, সূরা ফালাক্ একবার ও সূরা নাস একবার, তাসবীহ, তাহ্মিদ, তাহ্লীল, তাকবীর (যেমন- সুবহানাল্লাহি আলহামদুলিল্লাহি

ওয়া লা-ইলাহা ইল্লাল্লাহু আল্লাহু আকবার) ৩, ৭ বা ১১ বার এবং দরূদ শরীফ ১১ বার পড়ে মৃতের রূহে বখ্শিয়ে দিবেন।

হযরত জাবির (রাঃ) বলেন, হযরত সা'দ ইবনে মুআয (রাঃ) যখন ইন্তেকাল করেন, আমরা রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে তাঁর জানাযায় শরীক হলাম। রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক জানাযা পড়ার পর তাঁকে যখন কবরে রাখা হলো ও মাটি সমান করে দেয়া হলো, রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেখানে (দীর্ঘ সময়) আল্লাহ্র তসবীহ্ পাঠ করলেন; আমরাও তাঁর সাথে দীর্ঘ সময় তসবীহ্ পাঠ করলাম। অতঃপর তিনি তাকবীর বললেন। আমরাও (তাঁর সাথে) তাকবীর বললাম। এসময় রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-কে জিজ্ঞাসা করা হলো– হুজুর! কেন আপনি এরূপ তসবীহ্ ও তাক্বীর বললেন? হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন– এই নেক ব্যক্তির পক্ষে তার কবর অত্যন্ত সংকীর্ণ হয়ে গিয়েছিল। (অতএব, আমি এরূপ করলাম) এতে আল্লাহ্ তা'য়ালা তার কবরকে প্রশস্ত করে দিলেন।– মুসনাদে আহমদ (মিশকাত শরীফ, হাদীস নং- ১২৮)

ঈমান নিয়ে মরণের লক্ষণ

ঈমানের সাথে মৃত্যু হওয়ার লক্ষণ ৪টি, যথা–

১। মৃত্যুর সময় চেহারা হরিদ্রাবর্ণ হয়ে যাওয়া, ২। কপাল হতে কিঞ্চিৎ ঘাম নির্গত হওয়া, ৩। চক্ষু হতে পানি বের হয়ে পড়া এবং ৪। ঠোঁট শুকিয়ে যাওয়া।

উপরোক্ত বর্ণনাগুলো ঈমানের সাথে মৃত্যুর ও আল্লাহ্র রহমত অবতীর্ণ হওয়ার লক্ষণ।

ঈমান হারা হয়ে মরণের লক্ষণ

ঈমান হারা হয়ে মরণের লক্ষণ ৪টি, যথা–

১। রূহ কবজের সময় গুনাহ্গারদের গলদেশ হতে উটের অথবা ঘুমন্ত মানুষের গোংরানোর ন্যায় শব্দ হওয়া, ২। চেহারা লাল হওয়া, ৩। ঠোঁট রক্তিম হওয়া এবং ৪। মুখ থেকে কফ-কাঁশি বের হওয়া।

সাবধান! মৃত্যুর সময় শয়তান ঈমান নষ্ট করার চেষ্টা করে। ঈমানের সাথে মৃত্যুর প্রস্তুতির জন্য আল্লাহ্ ও রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর মহব্বত হাসিল করা, যিক্‌র-আযকার, দরূদ শরীফ পাঠ ও নেক আমল করা প্রয়োজন।

আমার মুর্শিদ কুতুবুল এরশাদ (রাঃ) এর বাণী

[কুরআন শরীফের আয়াত মন্থন করে নিজ ভাবার্থে সারমর্ম উপহার দিয়েছেন]

"আল্লাহ্-আল্লাহ্-আল্লাহ্, আল্লাহ্-আল্লাহ্-আল্লাহ্"

[৬ × ৩ = ১৮ বার ছয় লতিফায় যিক্‌রের সাথে নিম্নের প্রতিটি পঙক্তি পড়বেন]

১। নাস্তির আঁধারে ছিলি রে তুই, হাস্তিতে তিনি আনল আজ; হট্টগোল যে করলি কতই, ভুললি আপন আসার কাজ। ঐ	কুরআন (২ঃ২৮)
২। ওরে ইনসান! অতি ভালবাসি, সৃষ্টির সেরা, তোরে সৃজিল যে জন, কিসের মোহে ভুলিয়া রহিলি তাঁহারে, মাখিলেনা হৃদয়ে তাঁর প্রেমের চন্দন। ঐ	কুরআন (৮২ঃ৬-৮)
৩। যা কিছু সম্পদ আছেরে তোর, আল্লাহই তোরে দিছে ভাইরে, মনে মনে একটু ভেবে দ্যাখ, তার মত আপনার কেহ তোর নাইরে। ঐ	কুরআন (১৬ঃ৫৩)
৪। কে সৃজিল তোদের তরে সুন্দর এই আকাশ ভূবন, আকাশ হতে বৃষ্টি বিন্দু করি বরিষণ, কে সৃজিল শষ্যক্ষেত আর ফলের বাগান? আল্লাহ্ ছাড়া ইহা আর পারে কি কোন জন? ঐ	কুরআন (২৭ঃ৬০)
৫। ভাবছ কি মনে, ওহে নরগণ, খেলার তরে, তোদের বৃথাই সৃজন? ক'দিনের তরে, এই জীবনের মেলা, ফিরবে নাকি তারি কাছে সাঙ্গ হলে খেলা? ঐ	কুরআন (২৩ঃ১১৫)
৬। এ জীবনের চরম মত্ততার মাঝে, আচম্বিতে মৃত্যু গ্রাসে হইয়া নাকাল, কেবলি ভাবিবে দুনিয়ায় খেলেছ মাত্র, একটি বৈকাল কিম্বা একটি সকাল। ঐ	কুরআন (৭৯ঃ৪৬)
৭। তোমার বাপ-মা স্ত্রী-পুত্রগণ, যাদের বারেক দেখিলে জুড়াত নয়ন; আজ দুনিয়ার কোন খানে তারা? পাওকি কভু আর তাহাদের সাড়া? ঐ	কুরআন (১৯ঃ৯৮)

৮। তোমরা যে আজ করছ আমোদ, যাদের পরিত্যক্ত সখের বাড়ীটায়, দু'দিন ঘুরে ফিরে হেসে খেলে, তা ছেড়ে তারা লুকাল কোথায়? ঐ	কুরআন (২০ঃ১২৮)
৯। বাড়ী ঘর ছাড়ি, যারা গেল যে কবরে, আরতো কখনো তারা এলোনারে ফিরে তোমরাও একবার শুইলে কবরে, পারিবেনা কভু আর ঘরে ফিরিবারে। ঐ	কুরআন (৩৬ঃ৩১)
১০। উচ্চ দালান বাসী ওহে ধনীর দল, দু'দিন দালান বাসে কিবা আছে ফল? দালানের খাট-পালঙ্ক ছাড়িয়া একদিন, মাটিয়া কবরে তুই থাকবি চিরদিন। ঐ	কুরআন (৭৮ঃ৪)
১১। আইছ একা, যাইবা একা, সঙ্গেতো কেহ যাবে না, আল্লাহকে ভালবাসলে পরে, তিনিই শুধু তোমার সঙ্গ ছাড়বেন না। ঐ	কুরআন (৫৭ঃ৪)
১২। জাগো, জাগো, হে ভাই, কত হে ঘুমাও? ঘুমায়ে ঘুমায়ে কেন মাওলাকে হারাও? কত আর ঘুমে রবি, দিন তোর বৃথা চলে যায়, প্রেমের সুধা পান করিতে আয়রে ছুটে আয়। ঐ	
১৩। জানি তোমাকে পাওয়ার যোগ্য মোরা নই, কিন্তু তুমি ছাড়া মোদের দ্বিতীয় যে নাই; তাই বড় আশা করে তোমার দিকে ফিরে ফিরে চাই, কোন শুভক্ষণে যদি ভালবেসে ফেল তাই। ঐ	
১৪। ছুটে আস সব পাপী-তাপীগণ, অবারিত মমদ্বার, ঘুচে যাবে যত কলঙ্ক কালিমা দূর হবে দুঃখ ভার। ঐ	
১৫। তোমাকে পাইবা না পাই প্রভু, তালাশ তোমার ছাড়িব না কভু; তোমার দেখা পাইবা না পাই, আশা তোমার ছাড়িব না কভু। ঐ	
১৬। যেখানেই থাকিস না তুই, আল্লাহ তোর সঙ্গে সঙ্গে থাকে; মায়ের অধিক স্নেহে তোরে, সদা তাঁর চোখে চোখে রাখে। ঐ	কুরআন (৫৭ঃ৪)
১৭। ইহ পরকালে যদি কিছু চাহিবার হয়, তোমাকেই পাইতে চাই, আর কিছ নয়। ঐ	
১৮। ইয়া মাওলা, ইয়া মাওলা, ইয়া মাওলা হে আমার, তোমার নামটি জপতে জপতে হয় যেন মোদের দম কাবার। ঐ	

মীলাদ শরীফ

কুরআন শরীফ তিলাওয়াত, হামদ্-নাত ও তাওয়াল্লুদ শরীফ ঃ

আউযুবিল্লাহ্, বিসমিল্লাহ্ পড়ে সূরা ফাতিহা পাঠ করবেন।

অতঃপর তিনবার সূরা ইখলাছ্, একবার সূরা ফালাক্ব এবং একবার সূরা নাস্ পাঠ করবেন। প্রত্যেক সূরা পাঠান্তে একবার করে 'লা-ইলা-হা ইল্লাল্লাহু ওয়া আল্লাহু আক্বার' পাঠ করবেন।

এরপর পড়বেন–



لقد جاءكم رسول من أنفسكم عزيز عليه ما عنتم حريص عليكم بالمؤمنين
رءوف رحيم ○ فإن تولوا فقل حسبي الله لا إله إلا هو عليه توكلت وهو
رب العرش العظيم ○ ما كان محمد أبا أحد من رجالكم ولكن رسول الله
وخاتم النبيين وكان الله بكل شيء عليما ○ إن الله وملائكته يصلو
ن على النبي ○ يا أيها الذين آمنوا صلوا عليه وسلموا تسليما ○

আল্লাহুম্মা সাল্লি আলা সাইয়্যেদিনা মাওলানা মুহাম্মদ,
ওয়া আলা আলি সাইয়্যেদিনা মাওলানা মুহাম্মদ।

০১। এমন দেশে যাইতে হবে, যে দেশের নাই সাথী,
এমন ঘরে রইতে হবে, যে ঘরে নাই বাতি।

০২। কখন জানি ডাক এসে যায়, এ বাড়ী-ঘর ছাড়িতে
আপন পোষাক খুলে খুলে, সাদা কাফন পরিতে।

০৩। আমার আমার বলে আমি, সবই বিনাশ করিলাম
অবশেষে খালি হাতে, কবরেতে চলিলাম।

০৪। বাড়ী গাড়ী বল বান্দা, এ বাড়ীতো তোমার না,
মাটির নীচে আসল বাড়ী, কবর তোমার ঠিকানা।

০৫। কঠিন হাশরের দিনে, কেউ-তো কারো হবে না,
উম্মতি উম্মতি বলে, কাঁদবেন নবী দিওয়ানা।
০৬। যার লাগিয়া কান্দরে মন, সে তো সোনার মদীনা,
দেখা তাঁহার পাইতে হলে, হও তাঁহার দিওয়ানা।
০৭। মদীনাতে শুয়ে নবী, মোদের সালাম শুনতে পান,
কেমনে যাব মদীনাতে, সে পথ আমায় বলে দেন।
০৮। নবী তোমায় ভালোবাসলে, আল্লাহ্‌র অলী হওয়া যায়,
নবী তোমার দেখা পেলে, দোযখ হারাম হয়ে যায়।
০৯। ছেলে মাকে ভুলে থাকে, মা ছেলেকে ভুলে না,
নবীগো তোমায় ভুলে থাকি, তুমি আমায় ভুল না।
১০। নবী আমার চক্ষের মণি নূরের তৈয়ারী,
উম্মত দরদী নবী তৌহিদ কান্ডারী।

তাওয়াল্‌লুদ শরীফ

وَلَمَّا تَمَّ مِنْ حَمْلِهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ شَهْرَانِ عَلَى اَشْهَرِ الْاَقْوَالِ الْمَرْوِيَّةِ ـ
تُوُفِّيَ بِالْمَدِيْنَةِ الشَّرِيْفَةِ اَبُوْهُ عَبْدُ اللّٰهِ وَكَانَ قَدِ اجْتَازَ بِاَخْوَالِهِ بَنِيْ عَدِيِّ مِنَ
الطَّائِفَةِ النَّجَّارِيَّةِ وَمَكَثَ فِيْهِمْ شَهْرًا سَقِيْمًا يُعَانُوْنَ سُقْمَهُ وَشَكْوَاهُ وَلَمَّا تَمَّ مِنْ
حَمْلِهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الرَّاجِحِ تِسْعَةُ اَشْهُرٍ قَمَرِيَّةٍ وَاَنَّ لِلزَّمَانِ اَنْ يَتَجَلَّى
عَنْهُ صَدَاهُ حَضَرَتْ اُمُّهُ لَيْلَةَ مَوْلِدِهِ اٰسِيَةُ وَمَرْيَمُ رَضِيَ اللّٰهُ عَنْهُمَا فِيْ نِسْوَةٍ مِّنَ
الْحَظِيْرَةِ الْقُدْسِيَّةِ وَاَخَذَهَا الْمَخَاضُ فَوَلَدَتْهُ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ نُوْرًا يَّتْلُوْ اَسْنَاهُ

ইয়া নবী সালাম আলাইকা, ইয়া রসূল সালাম আলাইকা
ইয়া হাবীব সালাম আলাইকা, সালাওয়া তুল্লাহ্‌ আলাইকা।

০১। নবীজীর পিতা হযরত আব্দুল্লাহ্‌, নবীজীর মাতা হযরত আমেনা,
নবীজীর দুধ মা হযরত হালিমা, নবীজীর রওযা মদীনা।

০২। হযরত আমেনার নয়ন মণি, কি জিনিস সৃজিলেন তিনি,
চিনলনা আরববাসী, চিনিল বনের হরিণী।

০৩। হে রসূল সালাম লাখো বার, মোরাতো উম্মত গুনাহ্গার,
কে আছে মোদের তরাইবার, হাশরে ভরসা আপনার।

০৪। হে রাসূল মদীনা হইতে, সব কিছুই পারেন দেখিতে,
মোদের লাশ কবরে রাখিলে, লইয়েন গো আপন কোলে।

০৫। নবীজী আপনি জানের জান, নবীজী আপনি প্রাণের প্রাণ,
আপনাকে দেখিতে একবার, জান মোদের বড়ই পেরেশান।

০৬। আপনারই কদম চুমিতে, খুঁজিগো দিবস রাতে,
নিয়ে যান সোনার মদীনাতে, সালাম দিব আপনার রওযাতে।

০৭। দেখা দিবেন কি দিবেন না, দেখা দিলে কেন যে দেন না,
মনে যে আর মানে না, নিয়ে যান সোনার মদীনা।

يَارَبِّ صَلِّ وَسَلِّمْ دَائِمًا أَبَدًا + عَلٰى حَبِيْبِكَ خَيْرِالْخَلْقِ كُلِّهِمِ ۔
بهيج اے رب میرے درود وسلام + برگزیدہ نبی پر اپنے مدام
بَلَغَ الْعُلٰى بِكَمَالِهٖ كَشَفَ الدُّجٰى بِجَمَالِهٖ +
حَسُنَتْ جَمِيْعُ خِصَالِهٖ صَلُّوْا عَلَيْهِ وَاٰلِهٖ ۔

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَيْهِ ۔

اَلصَّلٰوةُ وَالسَّلَامُ عَلَيْكَ يَا رَسُوْلَ اللّٰهِ اَلصَّلٰوةُ وَالسَّلَامُ عَلَيْكَ يَا حَبِيْبَ اللّٰهِ
اَلصَّلٰوةُ وَالسَّلَامُ عَلَيْكَ يَا سَيِّدَ الْمُرْسَلِيْنَ اَلصَّلٰوةُ وَالسَّلَامُ عَلَيْكَ يَا شَفِيْعَ الْمُذْنِبِيْنَ

দু'আ ও মুনাজাত করে শেষ করবেন।

মহাপ্রস্থান– গজল (উদ্বৃতি ঃ মারেফাৎ তত্ত্ব)

ও মন দেশে যাবি কি মতে'- সেই ভাবনা ভাব দিলেতে
গাড়ী ঘোড়া টম্‌টমাটম্, সাইকেল বাজি জম্‌জমাজম্
কুচ্‌না যাবে সঙ্গেতে, সেই ভাবনা ভাব দিলেতে।
হাশরেরো হাহাকার, কবরের অন্ধকার'
নাই বুঝি তোর মনেতে, সেই ভাবনা ভাব দিলেতে।
কবরে নিয়া শোয়াইবে, মনকির-নকির জিজ্ঞাসিবে,
কি বলিবি মুখেতে, সেই ভাবনা ভাব দিলেতে,
আল্লাহ্ ও রসূল (দঃ) ভুলে রইলি, মিছা দুনিয়ার মায়াতে,
ও মন দেশে যাবি কি মতে, সেই ভাবনা ভাব দিলেতে।
মন পাখি উড়ে যাবে, শুধু খাঁচা পইরে রইবে,
মিশবে খাঁচা মাটিতে, সেই ভাবনা ভাব দিলেতে।
ও মন দেশে যাবি কি মতে, সেই ভাবনা ভাব দিলেতে।

কুতুবুল এরশাদ হযরত মৌলভী সূফী হাবিবুর রহমান (রাঃ) কর্তৃক রচিত গ্রন্থাবলী

আমার মুর্শিদ কুতুবুল এরশাদ (রাঃ) এর সকল গ্রন্থগুলির মৌলিক বিষয় হচ্ছে আল্লাহ্‌র আশেক বান্দাদের কাছে একটিমাত্র সর্বকালীন বার্তা পৌঁছে দেয়া, যা হচ্ছে– "আল্লাহ্-প্রেমের মাধ্যমে আল্লাহ্-প্রাপ্তি"। কুরআন ও হাদিস মন্থন করে এবং তাঁর ব্যক্তিগত জীবনে যথাযথ অনুসরণপূর্বক এর জাহেরী ও বাতেনী সত্যতা উপলব্ধির মাধ্যমে তিনি এ পন্থা আবিষ্কার করেছেন। বাল্যকাল হতেই তাঁর সর্বপ্রকার কর্মকান্ড একমাত্র আল্লাহ্‌র উদ্দেশ্যেই নিবেদিত ছিল এবং তিনি তাঁর গ্রন্থগুলির মাধ্যমে কুরআন-হাদিসের মগজ বা সারমর্ম বিশ্বমানবকে উপহার দিয়েছেন। কুতুবুল এরশাদ হযরত মৌলভী সূফী হাবিবুর রহমান (রাঃ) নিম্ন লিখিত ৩১ খানা গ্রন্থ রচনা করেছেন–

নং	গ্রন্থের নাম	নং	গ্রন্থের নাম
০১	মোসলমানী জিন্দেগী (১ম খন্ড)	০২	মোসলমানী জিন্দেগী (২য় খন্ড)
০৩	হাকীকাত খনি	০৪	আল্লাহ্ প্রাপ্তির সোজাপথ
০৫	মারেফাত তত্ত্ব	০৬	বিশ্ব-রহমত মুহাম্মদ মোস্তফা (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)
০৭	ইসলাম ও বিদয়াত	০৮	ইবাদাত ও আমালিয়াত
০৯	মুহাম্মদীয়া তরীকা, অছিয়তনামা ও আমার সংক্ষিপ্ত জীবনী	১০	মুসলমানী জীবন
১১	ফেরেশতাদের তাসবীহ্ ও মোহাম্মদীয়া তরীকা	১২	মুসলমান না হইয়া মরিওনা
১৩	আলেমের ছদ্মবেশে শয়তানের খলিফা ও মোহাম্মদীয়া তরীকা	১৪	আশার বাণী
১৫	তকদির ও তদবির	১৬	আশেক ও মাশুকের মিলন (মুহাম্মদীয়া তরীকা)
১৭	পৃথিবীতে আল্লাহ্ দর্শন	১৮	আল্লাহ্র দিকে ডাক দিয়ে যাই
১৯	আল্লাহ্ ও তাহার খলিফা	২০	মোমিন হও আবার কর্তৃত্ব কর
২১	আদর্শ কুরআন পাঠ শিক্ষা	২২	হজ্জ দর্পন
২৩	সত্যপরায়ণদের সঙ্গ লাভ কর	২৪	সৃষ্টির প্রতি স্রষ্টার প্রেমের নির্দশন
২৫	যে শুধু আল্লাহ্কে চায়, তাহার অনুসরণ কর	২৬	সংবিধান
২৭	হাইয়াতুন্নবী	২৮	দুষ্টের দমন ও শিষ্টের পালন
২৯	আল্লাহকে পাওয়ার সংক্ষিপ্ত আমল	৩০	আলেমের ছদ্মবেশে শয়তান
৩১	মুসলমানিত্বের মাপকাঠি		

সারা বছরের নামাজের সময়সূচী

তারিখ/মাস	ছেহরীর শেষ সময়	সূর্য উদয়	যোহর আরম্ভ	আছর আরম্ভ	মাগরিব আরম্ভ	এশা আরম্ভ
	ঘ: মিঃ	ঘ: মিঃ	ঘ: মিঃ	ঘ: মিঃ	ঘ: মিঃ	ঘ: মিঃ
১লা জানুঃ	৫:১৪	৬:৪১	১২:০৩	৩:৪৯	৫:৩০	৬:৪৬
৫ই "	৫:১৫	৬:৪২	১২:০৫	৩:৫২	৫:৩৩	৬:৪৯
১০ই "	৫:১৬	৬:৪৩	১২:০৭	৩:৫২	৫:৩৬	৬:৫২
১৫ই "	৫:১৮	৬:৪৫	১২:০৯	৩:৫৭	৫:৩৮	৬:৫৪
২০শে "	৫:১৮	৬:৪৪	১২:১১	৪:০৩	৫:৪৩	৬:৫৮
২৫শে "	৫:১৭	৬:৪৩	১২:১২	৪:০৬	৫:৪৬	৭:০১
১লা ফেব্রুঃ	৫:১৭	৬:৪১	১২:১৪	৪:১১	৫:৫২	৭:০৫
৫ই "	৫:১৫	৬:৩৯	১২:১৪	৪:১৩	৫:৫৪	৭:০৭
১০ই "	৫:১২	৬:৩৬	১২:১৪	৪:১৬	৫:৫৭	৭:১০
১৫ই "	৫:১০	৬:৩৩	১২:১৪	৪:১৮	৬:০০	৭:১২
২০শে "	৫:০৮	৬:৩০	১২:১৪	৪:২০	৬:০৩	৭:১৪
২৫শে "	৫:০৪	৬:২৬	১২:১৩	৪:২৩	৬:০৫	৭:১৬
১লা মার্চ	৪:৫৮	৬:২০	১২:১৩	৪:২৫	৬:০৭	৭:১৮
৫ই "	৪:৫৭	৬:১৯	১২:১২	৪:২৭	৬:১০	৭:২১
১০ই "	৪:৫৩	৬:১৫	১২:১১	৪:২৮	৬:১২	৭:২৩
১৫ই "	৪:৪৮	৬:০৯	১২:০৯	৪:২৮	৬:১৪	৭:২৪
২০শে "	৪:৪৩	৬:০৫	১২:০৮	৪:৩০	৬:১৬	৭:২৭
২৫শে "	৪:৩৮	৫:৫৬	১২:০৬	৪:৩০	৬:২০	৭:২৮
১লা এপ্রিল	৪:৩০	৫:৫৩	১২:০৫	৪:৩১	৬:২১	৭:৩২
৫ই "	৪:২৬	৫:৪৯	১২:০৩	৪:৩১	৬:২২	৭:৩৪
১০ই "	৪:২১	৫:৪৫	১২:০২	৪:৩১	৬:২৪	৭:৩৭
১৫ই "	৪:১৫	৫:৪০	১২:০০	৪:৩১	৬:২৫	৭:৩৯
২০শে "	৪:১১	৫:৩৬	১১:৫৯	৪:৩২	৬:২৭	৭:৪১
২৫শে "	৪:০৬	৫:২৯	১১:৫৭	৪:৩২	৬:২৯	৭:৪৪
১লা মে	৪:০১	৫:২৮	১১:৫৭	৪:৩২	৬:৩১	৭:৪৭
৫ই "	৩:৫৭	৫:২৫	১১:৫৭	৪:৩৩	৬:৩৪	৭:৫১
১০ই "	৩:৫২	৫:২১	১১:৫৬	৪:৩৩	৬:৩৬	৭:৫৪
১৫ই "	৩:৫০	৫:১৯	১১:৫৬	৪:৩৩	৬:৩৮	৭:৫৬
২০শে "	৩:৪৬	৫:১৭	১১:৫৬	৪:৩৪	৬:৪০	৮:০০
২৫শে "	৩:৪৪	৫:১৬	১১:৫৭	৪:৩৫	৬:৪৩	৮:০৪
১লা জুন	৩:৪২	৫:১৪	১১:৫৭	৪:৩৭	৬:৪৫	৮:০৮
৫ই "	৩:৪০	৫:১৩	১১:৫৮	৪:৩৭	৬:৪৮	৮:১০
১০ই "	৩:৪০	৫:১৩	১১:৫৯	৪:৩৮	৬:৫০	৮:১২
১৫ই "	৩:৪১	৫:১৩	১২:০০	৪:৩৯	৬:৫২	৮:১৩
২০শে "	৩:৪১	৫:১৪	১২:০১	৪:৪০	৬:৫৩	৮:১৬
২৫শে "	৩:৪১	৫:১৫	১২:০২	৪:৪০	৬:৫৪	৮:১৭

তারিখ/মাস	ছেহরীর শেষ সময়	সূর্য উদয়	যোহর আরম্ভ	আছর আরম্ভ	মাগরিব আরম্ভ	এশা আরম্ভ
	ঘ: মিঃ	ঘ: মিঃ	ঘ: মিঃ	ঘ: মিঃ	ঘ: মিঃ	ঘ: মিঃ
১লা জুলাই	৩:৪৩	৫:১৭	১২:০৪	৪:৪১	৬:৫৫	৮:১৭
৫ই "	৩:৪৫	৫:১৯	১২:০৫	৪:৪৩	৬:৫৫	৮:১৭
১০ই "	৩:৪৭	৫:২১	১২:০৫	৪:৪৫	৬:৫৪	৮:১৬
১৫ই "	৩:৫১	৫:২৩	১২:০৬	৪:৪৪	৬:৫৪	৮:১৫
২০শে "	৩:৫৩	৫:২৫	১২:০৬	৪:৪৪	৬:৫২	৮:১৩
২৫শে "	৩:৫৬	৫:২৭	১২:০৬	৪:৪৪	৬:৫০	৮:১০
১লা আগস্ট	৪:০১	৫:৩০	১২:০৬	৪:৪৩	৬:৪৭	৮:০৫
৫ই "	৪:০৩	৫:৩২	১২:০৬	৪:৪২	৬:৪৫	৮:০৩
১০ই "	৪:০৬	৫:৩৪	১২:০৫	৪:৪১	৬:৪১	৭:৫৮
১৫ই "	৪:০৯	৫:৩৫	১২:০৪	৪:৩৯	৬:৩৮	৭:৫৩
২০শে "	৪:১১	৫:৩৭	১২:০৩	৪:৩৭	৬:৩৪	৭:৪৯
২৫শে "	৪:১৫	৫:৪০	১২:০২	৪:৩৪	৬:২৯	৭:৪৩
১লা সেপ্টেম্বর	৪:১৮	৫:৪২	১২:০০	৪:৩১	৬:২৩	৭:৩৬
৫ই "	৪:২২	৫:৪৩	১১:৫৯	৪:২৯	৬:২০	৭:৩২
১০ই "	৪:২২	৫:৪৫	১১:৫৭	৪:২৫	৬:১৪	৭:২৬
১৫ই "	৪:২৩	৫:৪৬	১১:৫৫	৪:২১	৬:০৯	৭:২১
২০শে "	৪:২৬	৫:৪৮	১১:৫৪	৪:১৮	৬:০৫	৭:১৬
২৫শে "	৪:২৭	৫:৪৯	১১:৫২	৪:১৪	৬:০০	৭:১১
১লা অক্টোবর	৪:৩০	৫:৫২	১১:৫০	৪:০৯	৫:৫৩	৭:০৪
৫ই "	৪:৩১	৫:৫৩	১১:৪৯	৪:০৪	৫:৫০	৭:০১
১০ই "	৪:৩৪	৫:৫৫	১১:৪৮	৪:০৪	৫:৪৬	৬:৫৬
১৫ই "	৪:৩৪	৫:৫৭	১১:৪৬	৩:৫৮	৫:৩৯	৬:৫১
২০শে "	৪:৩৬	৫:৫৯	১১:৪৫	৩:৫৪	৫:৩৬	৬:৪৮
২৫শে "	৪:৩৮	৬:০১	১১:৪৪	৩:৫০	৫:৩২	৬:৪৪
১লা নভেম্বর	৪:৪২	৬:০৩	১১:৪৪	৩:৪৭	৫:৩০	৬:৪০
৫ই "	৪:৪৪	৬:০৮	১১:৪৪	৩:৪৫	৫:২৫	৬:৩৮
১০ই "	৪:৪৬	৬:১০	১১:৪৪	৩:৪২	৫:২৩	৬:৩৬
১৫ই "	৪:৪৯	৬:১৪	১১:৪৫	৩:৪১	৫:২১	৬:৩৫
২০শে "	৪:৫২	৬:১৭	১১:৪৬	৩:৩৯	৫:২০	৬:৩৪
২৫শে "	৪:৫৪	৬:২০	১১:৪৭	৩:৩৮	৫:১৯	৬:৩৪
১লা ডিসেম্বর	৪:৫৮	৬:২৪	১১:৪৯	৩:৩৮	৫:১৯	৬:৩৪
৫ই "	৫:০৩	৬:২৭	১১:৫১	৩:৩৮	৫:১৯	৬:৩৫
১০ই "	৫:০৩	৬:৩০	১১:৫৩	৩:৩৯	৫:২০	৬:৩৭
১৫ই "	৫:০৬	৬:৩৩	১১:৫৫	৩:৪১	৫:২২	৬:৩৮
২০শে "	৫:০৮	৬:৩৫	১১:৫৭	৩:৪৩	৫:২৪	৬:৪০
২৫শে "	৫:১১	৬:৩৮	১২:০০	৩:৪৬	৫:২৭	৬:৪৩

ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত বায়তুল মোকাররম জাতীয় মসজিদের নামায, সাহরী ও ইফতারের চিরস্থায়ী সময়সূচীর অনুলিপি।
এ সূচী ঢাকা ও পার্শ্ববর্তী এলাকার জন্য প্রযোজ্য।